দৈনিক সংবাদ

তারিখ 09 AUG 1993
পৃষ্ঠা ১ কলাম ৭

## কৃতী ছাত্রদের অভিমত

# মাধ্যমিক স্তরে বিজ্ঞানকে আরো গুরুত্ব দিতে হবে

(নিজস্ব বার্তা পরিবেশক)

পরীক্ষায় প্রশ্নব্যাংক পদ্ধতি তুলে দেয়া উচিত; কেননা এতে সঠিক মেধা যাচাই সম্ভব হয় না। এছাড়া মাধ্যমিক স্তরে পাঠ্যসূচীতে বিজ্ঞানকে আরো বেশি গুরুত্ব দেয়াপ্রয়োজন। যশোর বোর্ডের সেরা ছাত্ররা এ অভিমত দিয়েছে। তাদের মতে ছাত্রদের অবশ্যই রাজনীতি সচেতন হতে হবে। তবে ছাত্রজীবন সক্রিয়ভাবে রাজনীতির সময় নয়। এতে শিক্ষাজীবন বিঘ্নিত হয়।

### আশিক মোঃ তারিক মাসরুর খান

এসএসসি পরীক্ষায় যশোর বোর্ডের বিজ্ঞান বিভাগে সম্মিলিত মেধা তালিকায় ১ম স্থান অধিকারী ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র আশিক মোঃ তারিক মাসরুর খান ভবিষ্যতে সেনাবাহিনীতে যোগ দিতে ইচ্ছুক। সুযোগ পেলে সে সেনাবাহিনীতেই আরো পড়াশুনা করে প্রকৌশলী হিসেবে নিজেকে গড়ে তুলতে চায়। ক্যাডেট কলেজের পরিবেশই তাকে

কৃতীছাত্র : পৃঃ ৮ কঃ ৮

## কৃতীছাত্র : বিজ্ঞানকে আরো গুরুত্ব দিতে হবে

( ১ম পৃষ্ঠার পর )

সেনাবাহিনীতে যোগ দিতে উদ্বুদ্ধ করছে বলে জানায়। রেজাল্ট পেয়ে উৎফুল্ল আশিক 'সংবাদ'কে জানায়, ভাল করবো আশা করেছিলাম; তবে এতটা আশা করিনি। আশিকের বাবা এ্যাথলেটিক ফেডারেশনের ভাইস-প্রেসিডেন্ট আবদুল ওয়াদুদ খান বলেন, ওর এই ফল আমার জীবনের সব কষ্ট দূর করে দিয়েছে। ময়মনসিংহ শহরের বাসিন্দা আশিকের মা একজন গৃহিণী এবং একমাত্র ছোট্ট বোন অষ্টম শ্রেণীতে পড়াশুনা করছে।

আশিকের মতে প্রশ্নব্যাংক পদ্ধতি তুলে দেয়া উচিত। কারণ এতে সঠিক মেধা যাচাই সম্ভব হয় না। সে আরো জানায়, উচ্চ মাধ্যমিকের তুলনায় মাধ্যমিক স্তরে বিজ্ঞানের পাঠ্যসূচী অনেক সহজ। এর ফলে শিক্ষার্থীরা উচ্চ মাধ্যমিক স্তরে যথেষ্ট অসুবিধার সম্মুখীন হয়। মাধ্যমিক স্তরে পাঠ্যসূচীতে বিজ্ঞানকে আরো গুরুত্ব দেয়া উচিত।

আশিকের প্রিয় লেখক শীর্ষেন্দু মুখোপাধ্যায় এবং প্রিয় নাট্যকার হুমায়ুন আহমেদ। ব্রাজিলের মুলারের খেলার ভক্ত আশিকের প্রিয় দল দেশে আবাহনী এবং বিদেশে ব্রাজিল। আশিক নিজেও একজন ভাল ফুটবল ও ক্রিকেট খেলোয়াড়। ছাত্র রাজনীতিতেও তার যথেষ্ট আগ্রহ রয়েছে।

### সঞ্জয় দত্ত বণিক

বিজ্ঞানে মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকারী সঞ্জয় দত্ত বণিক সেনাবাহিনীর চাকরিতে যোগ দিতে ইচ্ছুক। তবে সুযোগ পেলে কম্পিউটার বিজ্ঞানের প্রতিও তার ঝোঁক রয়েছে।

মানবেন্দ্র বটব্যাল জানান, বরিশাল ক্যাডেট কলেজের ছাত্র সঞ্জয় দত্ত বানরি-পাড়া বন্দরের ব্যবসায়ী দেবসুন্দর দত্ত বণিক ও গৃহবধূ তুলসী রাণী বণিকের ৩ পুত্র ও ৩ কন্যার মধ্যে পঞ্চম। রতন দত্ত বণিক এমবিবিএস পাস করে এখন বেকার।

সঞ্জয় ৫ম শ্রেণীতে ট্যালেন্ট পুলে বৃত্তি পেয়েছিল। কোন গৃহশিক্ষক ছিল না। তবে ক্যাডেট কলেজের শিক্ষকগণ লেখাপড়ার ব্যাপারে ওকে যথেষ্ট সাহায্য-সহযোগিতা করেছেন। পিতামাতা ও শিক্ষকদের প্রেরণা ভাল ফল করতে ওকে সাহায্য করেছে।

অবসর সময়টা ও বই, বিশেষ করে গল্প ও উপন্যাস পড়ে কাটিয়ে দেয়। এছাড়া ব্যান্ডের গান শোনা, ক্রিকেট খেলা দেখা ওর প্রিয়। ক্রিকেট খেলোয়াড়দের মধ্যে শচীন তেন্ডুলকার, রবীন্দ্রসঙ্গীত শিল্পীদের মধ্যে পাপিয়া সারোয়ার ওর খুব প্রিয়। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর ওর সবচেয়ে প্রিয় ব্যক্তিত্ব।

### সাবরিনা শারমিন

সাবরিনা শারমিন লিমা ভবিষ্যতে একজন সফল চিকিৎসক হিসেবে মানুষের সেবা করতে চায়।

সে যশোর বোর্ডের এবারের এসএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে মেয়েদের মধ্যে প্রথম এবং সম্মিলিত মেধা তালিকায় দ্বাদশ স্থান অধিকার করেছে। খুলনা সরকারী করোনেশন বালিকা বিদ্যালয়ের ছাত্রী লিমা ফাইসন্সের স্থানীয় কর্মকর্তা আবদুস সাত্তার ও মমতাজ বেগমের তিন সন্তানের মধ্যে বড়।

### ফারজানা মান্নান

ফারজানা মান্নান যশোর বোর্ডের এবারের এসএসসি পরীক্ষায় সমাজবিজ্ঞান বিভাগে মেয়েদের মধ্যে প্রথম ও সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছে। খুলনা রোটারি স্কুলের ছাত্রী ফারজানার পিতা গাজী আবদুল মান্নান নৌবাহিনীর কর্মকর্তা। সে ভবিষ্যতে আইনজীবী হতে চায়।

### শেখ আলী মোর্তজা

খুলনা থেকে মানিক সাহা জানান, শেখ আলী মোর্তজার প্রিয় বন্ধু হল কম্পিউটার। আধুনিক বিজ্ঞানের অন্যতম আবিষ্কার এই কম্পিউটার নিয়েই সে খেলতে ভালবাসে এবং সময় কাটায় স্বাচ্ছন্দ্যে।

মোর্তজা ঝিনাইদহ ক্যাডেট কলেজ থেকে সম্মিলিত মেধা তালিকায় তৃতীয় স্থান অধিকার করেছে।

গোলাম মোস্তফা ও তাহমিনা বেগমের তিন সন্তানের মধ্যে মোর্তজা ছোট। সে নিয়মিত ৫/৬ ঘন্টা পড়াশোনা করতো। মোর্তজা ফুটবল সংগঠন আবাহনীর সমর্থক। সে ভবিষ্যতে চিকিৎসক হতে চায়।

### গাজী শাহারুল হাবীব

গাজী শাহারুল হাবীব বিজ্ঞান বিভাগ থেকে ৪র্থ স্থান অধিকার করেছে। সে বিশিষ্ট আইনজীবী গাজী গোলাম সরোয়ারের ১০ সন্তানের মধ্যে ছোট।

ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র হাবীব মনে করে পরিকল্পিত পড়াশোনা করলে ভাল ফল করা সম্ভব। সে ভবিষ্যতে একজন সেনা অফিসার হিসেবে জীবন গড়তে চায়।

### মোহাম্মদ আমির হোসেন

পটুয়াখালী জেলার গলাচিপা মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র মোহাম্মদ আমির হোসেন সমাজ বিজ্ঞান বিভাগে প্রথম হয়েছে। ভবিষ্যতে ব্যারিস্টারি পাস করে আইন পেশায় নিয়োজিত হবার ইচ্ছে রয়েছে তার। আমির হোসেনের বাবা মুফতি মোহাম্মদ আলাউদ্দিন একজন স্বচ্ছল কৃষক। মায়ের নাম হামিদা খাতুন।